দৈনিক ইত্তেফাক

তারিখ SEP. 18 1999
পৃষ্ঠা ৩ কলাম ১

# আগামী ফেব্রুয়ারীতে শিক্ষানীতি বাস্তবায়ন প্রক্রিয়া শুরু হওয়ার সম্ভাবনা

ইত্তেফাক রিপোর্ট ॥ আগামী বছরের মহান একুশকে উপলক্ষ করিয়া প্রস্তাবিত শিক্ষানীতির বাস্তবায়ন প্রক্রিয়া শুরু হইতে পারে। '৯৭ সালের সেপ্টেম্বর মাসে প্রফেসর শামসুল হকের নেতৃত্বে গঠিত ৫৬ সদস্য বিশিষ্ট শিক্ষানীতি প্রণয়নকমিটি প্রস্তাবিত শিক্ষানীতি শিক্ষা মন্ত্রণালয়ে দাখিল করে। ইহার পর একাধিকবার মন্ত্রীপরিষদের বৈঠকে এই শিক্ষা-

(৯ম পৃঃ দ্রঃ)

## ফেব্রুয়ারীতে শিক্ষানীতি

(৩য় পৃঃ পর)

নীতি নিয়া আলোচনা করা হইয়াছে। অক্টোবর মাসে পুনরায় মন্ত্রীপরিষদের বৈঠকে বিষয়টি উত্থাপন করা হইবে। মন্ত্রীপরিষদ অনুমোদন দিলে প্রস্তাবিত শিক্ষানীতি সংসদের অধিবেশনে পেশ করা হইবে।

একটি সূত্রের মতে, আগামী মাসে মন্ত্রীপরিষদে শিক্ষানীতি নিয়া আলোচনার পূর্বে বিভিন্ন ব্যবসায়ী সংগঠনের নেতৃবৃন্দ, ছাত্র সংগঠন সমূহের সহিত শিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে পৃথক ভাবে বৈঠক করা হইবে শিক্ষা মন্ত্রণালয়ের একটি সূত্র জানায়, সবকিছু ঠিকঠাক থাকিলে আগামী বছর ফেব্রুয়ারী মাসকে উপলক্ষ করিয়া শিক্ষানীতির বাস্তবায়ন প্রক্রিয়া শুরু হইতে পারে। শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক বলিয়াছেন, আমরা সংসদে সকল দল মিলিয়া শিক্ষানীতি নিয়া আলোচনা করিতে চাই। বিরোধী দলসমূহ গত সংসদ অধিবেশনে আসে নাই। আমরা আগামী সংসদ পর্যন্ত তাহাদের জন্য অপেক্ষা করিব। তাহারা শেষ পর্যন্ত না আসিলে শিক্ষানীতি বাস্তবায়নের ক্ষেত্রে আর বসিয়া থাকা সম্ভব হইবে না।